

## মাধ্যমিক পর্যায় পর্যন্ত বৃত্তিমূলক শিক্ষা বাধ্যতামূলক করা হইবে

—শাহ আজিজ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর  
রহমান বলিয়াছেন, দেশের প্রাথ-  
মিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলিতে  
বৃত্তিমূলক শিক্ষা বাধ্যতামূলক  
করা হইবে।

বাসস জানাই, গত বৃহস্পতি-  
বার সিঙ্কেতস্তুতি বালিকা মহা-  
বিদ্যালয়ের নবনির্মিত বিজ্ঞান-  
ভবনের উদ্বোধনী ভাষণে প্রধান-  
মন্ত্রী একথা বলেন।

তিনি বলেন, আধুনিক বিজ্ঞান  
ও প্রযুক্তি কৌশলের এই যুগে  
সরকার চাহিদা পূরণের উদ্দেশ্যে  
কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার  
উপর সর্বিশেষ গুরুত্ব আরোপ  
করেন।

তিনি জানান, সরকার প্রতিটি  
জেলা ও মহকুমা সদর দফতরে  
মহিলা মহাবিদ্যালয় প্রতিষ্ঠার  
সিদ্ধান্ত পর্যায়ক্রমে বাস্তবায়িত  
করিবেন।

ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের  
রাজনীতি প্রসঙ্গে তিনি বলেন,  
রাজনীতিতে অংশগ্রহণ সকলের  
নাগরিক অধিকার কিন্তু বিদ্যা-  
লয়ের পাঠকক্ষে রাজনীতি চৰ-  
চিত্ত নয়।

উদ্বোধনী অনুষ্ঠানে মহিলা  
বিদ্যালয়ের অধাক্ষ (সৈয়দ) শামসে  
আরাহোসেন ও আরো অনেকে  
বৃজ্জতা করেন।

30